# ভর্তি নীতিমালা - ২০২৪

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ইতকান স্কুলে ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে।

১. এই নীতিমালায়-

১.১ শুধুমাত্র ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রযোজ্য হবে।

১.২ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য অনলাইন বা অফলাইন আবেদন ফরম বুঝাবে।

১.৩ 'শিক্ষার্থী বা প্রার্থী' বলতে ছাত্র-ছাত্রী উভয়কে বুঝাবে।

১.৪ 'অভিভাবক' বলতে শিক্ষার্থীর মা-বাবা কিংবা বৈধ আত্মীয়কে বুঝাবে।

২. ভর্তির যোগ্যতা ও বয়স

২.১ বাংলাদেশের নাগরিক এমন যেকোনো শিক্ষার্থী যাদের বয়স ৪ থেকে ১৪ বছর তারা যোগ্য বলে বিবেচিত হবে। বয়সের হার নিম্নরূপ-

| শ্রেণি | সর্বনিম্ন বয়স | সর্বোচ্চ বয়স |
|---|---|---|
| প্লে-গ্রুপ | ৪ | ৭ |
| নার্সারি | ৫ | ৮ |
| প্রথম | ৬ | ৯ |
| দ্বিতীয় | ৭ | ১০ |
| তৃতীয় | ৮ | ১১ |
| চতুর্থ | ৯ | ১২ |
| পঞ্চম | ১০ | ১৩ |

২.২ পঞ্চম শ্রেণিতে ভর্তিও জন্য অবশ্যই প্রার্থীকে ভর্তি পরীক্ষায় উর্তীণ হতে হবে।

২.৩ শারীরিকভাবে সক্ষম (বিশেষ চাহিদা সম্পন্ন নয় এমন) শিক্ষার্থী ভর্তি করতে হবে।

২.৪ যেসকল শিক্ষার্থী করোনাকালীন সময়ে ক্ষতিগ্রস্থ হয়েছে এমন শিক্ষার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।

২.৫ বীর মুক্তিযোদ্ধা, সরকারি / বেসরকারি শিক্ষক বা শিক্ষা কর্মকর্তা / কর্মচারি, খতিব, ইমাম, মুয়াজ্জিন এ সন্তান/ নাতি-নাতনিদের ক্ষেত্রে ২০% কোটা থাকবে এবং টিউশন ফি এর সবোর্চ্চ ৮০% পযর্ন্ত মওকুফ করা হবে।

২.৬ এতিম ছাড়া অন্য কোনো শিক্ষার্থী বিনা বেতনে পড়তে পারবেনা। সর্বনিম্ন প্রতিমাসে ১০০ টাকা দিতে হবে।

২.৭ অত্র বিদ্যালয়ের শিক্ষকদের সন্তানদের ক্ষেত্রে সর্বনিম্ন প্রতিমাসে ১০০ টাকা দিতে হবে। টিউশন ফির বাকি টাকা শিক্ষা ভাতা হিসেবে গন্য হবে।

২.৮ প্রাক্তন শিক্ষকদের সন্তানদের ক্ষেত্রে সর্বনিম্ন ৩০০ টাকা দিতে হবে। টিউশন ফির বাকি টাকা সম্মানি ভাতা হিসেবে গন্য হবে।

৩. ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র।

৩.১ স্কুল হতে সংগৃহিত ভর্তির আবেদন ফরম। (পূরণ করে জমা দিতে হবে।)

৩.২ শিক্ষার্থীর মূল জন্মসনদ ও জন্মসনদের ফটোকপি। (অনলাইন থাকতে হবে)

৩.৩ পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৩.৪ পিতা ও মাতা ব্যতিত অন্য একজন (মামা-চাচা, দাদা-দাদী, নানা-নানী) এর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৩.৫ শিক্ষার্থীর ১ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।

৩.৬ পিতা ও মাতার পাসপোর্ট সাইজ রঙিন ছবি।

৩.৭ অন্য স্কুলের শিক্ষার্থী হতে সিআরসিএসে ঐ প্রতিষ্ঠান প্রধানের শিক্ষার্থী ট্রান্সফার আবেদন।

৪. ভর্তি আবেদন ফরম ও ভর্তি ফি

৪.১ ভর্তি আবেদন ফরম মূল্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র)

৪.২ সকল শ্রেণির ভর্তি ফি ১০০০/- (ছয়শত টাকা মাত্র), উল্লেখ্য সরকারি বইয়ের বাইরে স্কুল বইয়ের জন্য আলাদা ফির প্রয়োজন হয় না।

৫. মাসিক টিউশন ফি

শ্রেণি ভিত্তিক মাসিক টিউশন ফির তালিকা।

| শ্রেণি | মাসিক বেতন | কোচিং ফি | মোট টাকা |
|---|---|---|---|
| প্লে-গ্রুপ | ৫০০/- | ফ্রি | ৫০০/- |
| নার্সারি | ৫০০/- | ফ্রি | ৫০০/- |
| প্রথম | ৫০০/- | ফ্রি | ৫০০/- |
| দ্বিতীয় | ৫০০/- | ১০০/- | ৬০০/- |
| তৃতীয় | ৫০০/- | ৩০০/- | ৮০০/- |
| চর্তুথ | ৫০০/- | ৫০০/- | ১০০০/- |
| পঞ্চম | ৫০০/- | ৫০০/- | ১০০০/- |

৬. পরীক্ষা সংক্রান্ত

৬.১ প্রান্তিক মোট ৩ টি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর ৩ পরীক্ষার গড় নম্বর অনুযায়ী সর্বোচ্চ নম্বর নির্ধারিত হবে।

৬.২ প্রতি মূল্যয়ন পরীক্ষাপূর্ব একটি মিডট্রার্ম পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬.৩ আনুষ্ঠানিকভাবে মাসিক মূল্যায়ন পরীক্ষা হবে।

৬.৪ শ্রেণিভিত্তিক শিক্ষকগণ তাদের শ্রেণি পরীক্ষা গ্রহণ করবেন।

৭. শ্রেণি কার্যক্রম

৭.১ সকল শ্রেণি সকাল ৯ টা হতে শুরু হবে। দুপুর ১ টা পর্যন্ত চলবে। দুপুর ২ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত কোচিং চলবে।

৭.২ প্লে-গ্রুপ, নার্সারি , প্রথম ও দ্বিতীয় শ্রেণি ৯ টা হতে ১১:৪০ পর্যন্ত ক্লাস। ১১:৪০ হতে ১২:২০ পর্যন্ত কোচিং।

৭.৩ তৃতীয়-পঞ্চম শ্রেণির ৯ টা হতে ১ টা পর্যন্ত ক্লাস। দুপুর ২ টা হতে ৪ পর্যন্ত কোচিং।

৭.৪ প্রতি শনিবার বিকাল ৪ টা হতে ৫ পর্যন্ত কম্পিউটার ক্লাস।

৭.৫ সরকারি সিদ্ধান্তনুযায়ী রবি থেকে বৃহস্পতিবার সপ্তাহে ৫ দিন ক্লাস।

৭.৬ শুক্র ও শনিবার সাপ্তাহিক বন্ধ।

৮. ভর্তির আবেদন, বই প্রদান, ক্লাশ শুরু

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৮.১ | ভর্তির আবেদন গ্রহণ | ১৩/১০/২০২৪ থেকে ৩১/১২/২০২৪ |
| ৮.২ | পঞ্চম শ্রেণির ভর্তি পরীক্ষা | ২৭/১২/২০২৪ |
| ৮.৩ | পঞ্চম শ্রেণির ভর্তি পরীক্ষার ফলা ফল | ২৮/১২/২০২৪ |
| ৮.৪ | পঞ্চম শ্রেণির ভর্তি | ২৯/১২/২০২৪ থেকে ৩১/১২/২০২৪ |
| ৮.৫ | বই বিতরণ ও বই উৎসব ২০২৫ | ০১/০১/২০২৫ |
| ৮.৬ | ক্লাশ শুরু | ০২/০১/২০২৫ |
| ৮.৭ | প্রথম মূল্যায়ন পরীক্ষা | ০১/০৪/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ |
| ৮.৮ | দ্বিতীয় মূল্যায়ন পরীক্ষা | ০১/০৮/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ |
| ৮.৯ | চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা | ০১/১২/২০২৫ থেকে ১০/১২/২০২৫ |
| ৮.১০ | প্রথম মিডট্রাম পরীক্ষা | ১৫/০৩/২০২৫ থেকে ২৫/০৩/২০২৫ |
| ৮.১১ | দ্বিতীয় মিডট্রাম পরীক্ষা | ১৫/০৭/২০২৫ |

| | | |
|---|---|---|
| | | থেকে<br>২৫/০৭/২০২৫ |
| ৮.১২ | তৃতীয় মিডট্রাম পরীক্ষা | ১৫/০৯/২০২৫ |

৯. ভর্তি কমিটি

৯.১ প্রশাসন বিভাগ হতে কমিটি গঠন করা হবে।

৯.২ ভর্তির বিষয়ে যাবতীয় কার্যক্রম কমিটি করবে।

১০. শিক্ষকদের জন্য প্রযোজ্য

১০.১ শিক্ষকগণ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষকগণ তাদের নিজ নিজ আইডি নম্বর ভর্তি ফরমে উল্লেখ করতে হবে।

১০.২ ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থী প্রতি শিক্ষকের জন্য ভর্তি ফরম মূল্যের ১০০/- (একশত টাকা মাত্র) প্রাপ্ত হবেন।

১০.৩ পরবর্তী বছরে বেতন বৃদ্ধির জন্য (অ্যানুয়াল ইনক্রিমেন্ট) শিক্ষার্থী ভর্তির সাথে সম্পৃক্ত থাকবে। ফলে টার্গেট অনুযায়ী শিক্ষার্থী ভর্তি ত্বরান্বিত করতে হবে।

স্বাক্ষরিত

মোঃ আব্দুর রাজ্জাক হানাফী

শিক্ষা প্রশাসক ও প্রধান শিক্ষক

ইতকান ইন্টারন্যাশনাল স্কুল